# 258981 - আরশে ইস্তিওয়াকে বসা বা উপবিষ্ট দিয়ে তাফসির করা কি সঠিক?

প্রশ্ন

কোন মুসলিমের জন্য এ কথা বলা কি জায়েয যে, আল্লাহ্‌ আরশে উপবিষ্ট? আমাদের কি এভাবে বলা জায়েয হবে যে, যখন আল্লাহ্‌ আরশের উপর বসেন তখন তিনি এটা এটা করেন? উল্লেখ্য, যিনি এ কথা বলছেন তিনি আল্লাহ্‌র সাথে ঠাট্টা করে বলেননি। কিন্তু তিনি 'আরশের উপরে বসা' শব্দটি ব্যবহার করছেন। সুতরাং তিনি কি আল্লাহ্‌র কাছে ক্ষমা প্রার্থনা করা এবং এ ধরণের কাজ পুনরায় না করার সিদ্ধান্ত নেয়া যথেষ্ট? এ সম্পর্কে জিজ্ঞেসে করাই আমার প্রশ্ন। কেননা আমি আল্লাহ্‌র সম্পর্কে অসঙ্গত কথা বলার ভয়াবহতা জানি এবং জানি যে, কিছু কিছু অবস্থায় ব্যক্তি মুসলিম মিল্লাত থেকে বের হয়ে যেতে পারে। আমি যেটার কথা উল্লেখ করছি সেটা কি এমন অবস্থার মধ্যে পড়বে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আল্লাহ্‌র ক্ষেত্রে সাব্যস্ত হচ্ছে তিনি আরশের উপর ইস্তিওয়া করেছেন; যেভাবে তাঁর মর্যাদা ও পরিপূর্ণতার সাথে সঙ্গতিপূর্ণ সেইভাবে। পবিত্রময় তিনি।

আল্লাহ্‌র কিতাবের সাত জায়গায় ইস্তিওয়া গুণটি উদ্ধৃত হয়েছে। এর মধ্যে রয়েছে আল্লাহ্‌র বাণী:

إِنَّ رَبَّكُمُ اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَى عَلَى الْعَرْشِ  الأعراف/54

(নিশ্চয়ই তোমাদের প্রভু আল্লাহ্‌, যিনি ছয়দিনে আসমান ও জমিন সৃষ্টি করেছেন; অতঃপর আরশে ইস্তিওয়া করেছেন)[সূরা আরাফ, ৭: ৫৪]

ইস্তিওয়া এর মশহুর তাফসির হলো: ঊর্ধ্বে উঠা ও উপরে উঠা।

ইমাম বুখারী তাঁর সহিহ কিতাবে বলেন: 'তাঁর আরশ ছিল পানির উপরে এবং তিনি মহান আরশের প্রভু' শীর্ষক অধ্যায়।

আবুল আলিয়া বলেন: استوى إلى السماء অর্থাৎ ارتفع... (তিনি আসমানের উপরে উঠেছেন।)

মুজাহিদ বলেন: استوى মানে علا على العرش (তিনি আরশের ঊর্ধ্বে উন্নীত হয়েছেন)।

ইমাম বাগাভী বলনে: ثم استوى إلى السماء: ইবনে আব্বাস (রাঃ) সহ অধকিাংশ পূর্বসূরী (সালাফ) তাফসরিকার বলছেনে: ارتفع إلى السماء(আসমানরে ঊর্ধ্বে উঠছেনে)।[তাফসরিে বাগাভী (১/৭৮) থকেে সমাপ্ত] হাফযে ইবনে হাজার ফাতহুল বারী (১৩/৪১৭)-তে এটি উদ্ধৃত করছেনে এবং বলছেনে: আবু উবাইদা, আল-ফাররা ও অন্যান্যরাও অনুরূপ কথা বলছেনে।

পক্ষান্তরে, الجلوس (বসা) এ তাফসরিটি কিছু হাদসিে উদ্ধৃত হয়ছেে; যে হাদসিগুলো সহহি নয়।

কিন্তু কিছু কিছু সালাফ (পূর্বসূরী) এটাকে ইস্তওিয়া-এর তাফসরি হসিবেে সাব্যস্ত করছেনে; যমেনটি এসছেে ইমাম খারজিা বনি মুসআ'ব আদ-দুবায়ি থকেে যা আব্দুল্লাহ্ বনি আহমাদ 'আস-সুন্নাহ্' গ্রন্থে (১/১০৫) সংকলন করছেনে।

হাফযে দ্বারাক্বুতনী তাঁর প্রসদ্ধি কিছু পংক্তিতে: القعود(উপবষ্টি) কে সাব্যস্ত করছেনে।

যদি এ শব্দটি সাব্যস্ত হওয়া ধরে নয়ো হয় তদুপরি এক্ষত্রেে সাদৃশ্যকে অস্বীকার করার বশ্বিাস রাখা ওয়াজবি।

শাইখুল ইসলাম ইবনে তাইময়িা (রহঃ) বলনে:

"যখন জানা গলে য,ে ফরেশেতারা ও বনী আদমরে রূহসমূহ নড়াচড়া করা, ঊর্ধ্বে উঠা ও অবতরণ করা ইত্যাদি গুণে গুণান্বতি; কিন্তু সটো বনী আদমরে দহেরে নড়াচড়া ও অন্যান্য গুণাবলী যগুেলো আমরা দুনয়িাতে চর্মচক্ষে দখেি সগেুলোর সাথে সাদৃশ্যপূর্ণ নয় এবং এগুলোর ক্ষত্রেে এমন কিছু ঘটা সম্ভব যা বনী আদমরে দহেসমূহরে মধ্যে ঘটা সম্ভবপর নয়= সুতরাং প্রভু এ ধরণরে গুণে গুণান্বতি হওয়ার সম্ভাব্যতা ও দহেসমূহরে অবতরণরে সাদৃশ্য থকেে দূরবর্তী হওয়া আরও অধকি যুক্তযিুক্ত।

বরং তাঁর অবতরণ ফরেশেতাদরে ও বনী আদমরে অবতরণরে সাথে সাদৃশ্যপূর্ণ নয়; যদওি সটো তাদরে দহেরে অবতরণরে অধকি নকিটবর্তী।

যহেতেু মৃতব্যক্তরি কবরে বসাটা তার দহেে বসার মত নয় সহেতেু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকেে আল্লাহ্র 'উপবষ্টি হওয়া ও বসা'-র ব্যাপারে যে হাদসিগুলো এসছেে; যমেন জাফর বনি আবু তালবে (রাঃ) এর হাদসি, উমর ইবনুল খাত্তাব (রাঃ) এর হাদসি= সটো মাখলুকরে দহেরে বশৈষ্ট্যিরে সাথে সাদৃশ্যপূর্ণ না হওয়া অধকি যুক্তযিুক্ত।"[মাজমুউল ফাতাওয়া (৫/৫২৭)]

এই শব্দরে ব্যাপারে অধকি নকিটবর্তী অভমিত হলো: এটি ব্যবহার করা থকেে বরিত থাকা। যহেতেু এ শব্দটি কুরআনে আসনে,ি সহহি হাদসিে আসনেি এবং সাহাবীদরে উক্তওিে আসনেি।

শাইখ উছাইমীন (রহঃ) বলনে: "পক্ষান্তরে আল্লাহ্ তাঁর আরশরে উপরে স্থতিশিীল হওয়ার তাফসরি সালাফ (পূর্বসূরী) দরে

থকে মশহুর। ইবনুল কাইয়্যমে তাঁর ‘নুনয়্যিা’ ও অন্যান্য গ্রন্থে তা উল্লখে করছেনে।

আর ‘বসা’ ও  ‘উপবষ্টি’ মর্মে তাফসরি সালাফদরে কউে কউে উল্লখে করছেনে। কন্তিু এ ব্যাপারে আমার অন্তরে কছিু খটকা আছে। আল্লাহ্ই সর্বজ্ঞ।”[মাজমুউ ফাতাওয়া ইবনে উছাইমীন (১/১৯৬) থকে সমাপ্ত]

শাইখ বার্রাক (হাফঃি) বলনে: “কছিু কছিু আছারে আল্লাহ্র দকিে ‘বসা’ গুণকে সম্পৃক্ত করা হয়ছে এবং তনি তাঁর কুরসতিে যভোবে ইচ্ছা সভোবে বসনে। হতে পারে কোন কোন ইমামও এ শব্দটি ব্যবহার করছেনে। এবং শাইখ (অর্থাৎ শাইখুল ইসলাম ইবনে তাইময়্যিা)-র কথার প্রাসঙ্গকিতা ‘ইস্তওিয়া’ উপবষ্টি হওয়াকে অন্তর্ভুক্ত করার ইঙ্গতি দয়ে। কন্তিু উত্তম হচ্ছে এ শব্দটি ব্যবহার করা থকে বরিত থাকা; যদি না এটি সাব্যস্ত হয়।”[শারহু রসিালাতু তাদমুরয়্যিা (পৃষ্ঠা-১৮৮) থকে সমাপ্ত]

পূর্বোক্ত আলোচনার প্রক্ষেতিে আমরা ‘বসা’ শব্দ ব্যবহার করার অভমিত পোষণ করি না। বরং এভাবে বলা যাব: তনি আরশরে উপর ‘ইস্তওিয়া’ করছেনে। ইস্তওিয়াকে ঊর্ধ্বে উঠা ও উপরে উঠা দয়িে তাফসরি করা হব।

আর কউে যদি কোনে কোনে সালাফ থকে যা বর্ণতি হয়ছে সটোকে আঁকড়ে ধরনে তাহলে এর প্রতবিাদ করা ঠকি নয়।

কন্তিু তাকে এ কথা বলা যায় য, সাধারণ মানুষরে সামনে এ কথা বলা উচতি নয়। হতে পারে এটি তাদরে জন্য ফতিনার কারণ হব। হতে পারে তারা এটাকে সাদৃশ্যতা মনে করব।

এই আলোচনার মাধ্যমে স্পষ্ট হয়ে গলে য, এইভাবে বলা কুফরী নয়। বরং এটি ইস্তওিয়া শব্দরে মতভদেপূর্ণ তাফসরি।

এবং আমরা উল্লখে করছে যি অগ্রগণ্য অভমিত হচ্ছ: এ শব্দটি ব্যবহার করা থকে বরিত থাকা।

আল্লাহ্ই সর্বজ্ঞ।